



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd



০২ মাঘ ১৪২৮

তারিখঃ

১৬ জানুয়ারি ২০২২

ডিএফআইএম সার্কুলার নং-০১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের উপর পরিচালিত বিশদ পরিদর্শন প্রতিবেদনের পরিপালনের জন্য পরিচালনা পর্ষদের পৃথক সভা আয়োজন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয়ের উপর পরিচালিত বিশদ পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ এবং পরিদর্শনে উদঘাটিত বিভিন্ন গুরুতর অনিয়ম/ত্রুটি-বিচ্যুতি এর পরিপালনের স্বার্থে নিম্নবর্ণিত নির্দেশনা জারি করা হলোঃ

১। আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয়ের উপর বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান পরিদর্শন বিভাগ কর্তৃক পরিচালিত বিশদ পরিদর্শনের ভিত্তিতে প্রণীত পরিদর্শন প্রতিবেদনের যথাযথ পরিপালন নিশ্চিত করণার্থে আর্থিক প্রতিষ্ঠানসমূহ পরিচালনা পর্ষদের বিশেষ সভা আহ্বান করবে। বর্ণিত সভার একমাত্র আলোচ্যসূচী হিসেবে আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের উপর পরিচালিত বিশদ পরিদর্শন প্রতিবেদনটি অন্তর্ভুক্ত থাকবে এবং বিশদ পরিদর্শনে প্রাপ্ত গুরুতর অনিয়ম/ত্রুটি-বিচ্যুতিসমূহ বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান পরিদর্শন বিভাগ কর্তৃক উক্ত সভায় উপস্থাপন করতে হবে;

২। বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান পরিদর্শন বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের নিকট বিশদ পরিদর্শন প্রতিবেদন প্রেরণের অনধিক ২(দুই) মাসের মধ্যে বর্ণিত বিশেষ পর্ষদ সভা আহ্বান করতে হবে;

৩। আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পর্ষদের উক্ত সভায় আবশ্যিকভাবে বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান পরিদর্শন বিভাগের মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক ও পরিদর্শন দল এবং আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগের একজন প্রতিনিধি উপস্থিত থাকবেন;

৪। বর্ণিত সভার কার্যবিবরণী সভা অনুষ্ঠানের পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান পরিদর্শন বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগে প্রেরণ করতে হবে;

৫। আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পরিচালনা পর্ষদের বর্ণিত বিশেষ সভা অনুষ্ঠানের কমপক্ষে ১০(দশ) কার্যদিবস পূর্বে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগসমূহকে অবহিত করতে হবে; এবং

৬। পরিদর্শন প্রতিবেদনের উল্লিখিত সুপারিশ ও অনিয়ম/ত্রুটি-বিচ্যুতিসমূহের দফাওয়ারি পরিপালনের অগ্রগতি সময়ে সময়ে পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ (ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮